

- ২ -

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.০৭.০৭৭.২৩ নথির বিষয়: Repair & Maintenance of Delivery Main including Washout Line, Sluice valve and Air Release Valve at different DTW at DMA-317, & DMA-319 areas under MODs Zone-3, Dhaka.
নোট: ১ নোটের বিষয়: Repair & Maintenance of Delivery Main including Washout Line, Sluice valve and Air Release Valve at different DTW at DMA-317, & DMA-319 areas under MODs Zone-3, Dhaka.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১০/৮/২৩ ৩:২৯ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন -৩ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ জোন। এই জোনের আওতাধীন ডিএমএ - ৩১৭, ও ডিএমএ -৩১৯ এর এলাকায় গণ্যমান্য ব্যক্তিবর্গের বসবাস। বর্ণিত DMA এর আওতাধীন এলিফ্যান্ট রোড, কর্মজীবী মহিলা হোস্টেল, সেন্ট্রাল রোড, গ্রীন স্কয়ার, ভুতের গলি, সুন্দরবন স্কয়ার, নদী গবেষণা, শুক্রাবাদ, ইন্দিরা রোড ঢাকা মেডিকেল স্টাফ কোয়ার্টার, ফার্মগেট ও রাজাবাজার সহ মোট ১৭ টি পাম্প কম্পাউন্ডে ২৯ টি ডেলিভারি লাইন বিদ্যমান। ডেলিভারি লাইন গুলো পুরাতন হওয়ায় প্রায়ই লিকেজ হয়ে পানির অপচয় হচ্ছে। এতে একদিকে পানি অপচয় হয়ে ঢাকা ওয়াসা আর্থিক ভাবে ক্ষতিগ্রস্ত হয় অন্য দিকে এলাকায় পানির সংকট দেখা দেয়। এছাড়াও ডেলিভারি লাইনের স্লুইস ভাল্ব, ফ্লো-মিটার, নন-রিটান ভাল্ব, এয়ার রিলেজ ভাল্ব, প্রেসার মিটার ওয়াশআউট লাইনসহ অন্যান্য অংশ গুলো পুরাতন হওয়ায় সঠিক ভাবে কাজ না করায় মাঝে মাঝে সৃষ্ট পানি সরবরাহে ব্যাহত হয়। ফলে ঢাকা ওয়াসার সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা রয়েছে। তাই দ্রুততম সময়ের মধ্যে জরুরী ভিত্তিতে আলোচ্য পাম্পের স্লুইস ভাল্ব সহ ডেলিভারি লাইন গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করা একান্ত প্রয়োজন। দ্রুততম সময়ের মধ্যে স্লুইস ভাল্ব সহ ডেলিভারি লাইন গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হলে NRW হ্রাস করা সম্ভব হবে এবং এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক থাকবে। সর্বোপরি ঢাকা ওয়াসার সুনাম বৃদ্ধি পাবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১০/৮/২৩ ৩:৩৮ অপরাহ্ন

উপরিউক্ত বর্ণনার আলোকে মডস জোন -৩ এর আওতাধীন ডিএমএ ৩১৭, ডিএমএ ৩১৯ এলাকায় ওয়াশআউট, স্লুইস ভাল্ব এবং এয়ার রিলেজ ভাল্বসহ ডেলিভারি লাইন গুলো মেরামত ও রক্ষণাবেক্ষণ করার লক্ষ্যে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৩,৯৭,৯৯৭.৬১৬ (তিন লক্ষ সাতানব্বই হাজার নয়শত সাতানব্বই দশমিক ছয় এক ছয়) টাকা মাত্র। আলোচ্য কাজটি বিশেষ ধরনের হওয়ায় তা বাস্তবায়নের জন্য উক্ত কাজে অভিজ্ঞ ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রয়োজন। সে মোতাবেক কাজটি ঢাকা ওয়াসার তালিকাভুক্ত অভিজ্ঞ ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে সম্পন্ন করা যেতে পারে। কাজটি মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার প্যাকেজ নং-B.13 এর ক্রমিক নং-২৬ এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি ক্র: নং-০১ দ্র:)। e-GP প্রক্রিয়ায় আলোচ্য কাজের দরপত্র আহবানের জন্য CPTU প্রণীত Standard Tender Document e-PW(2b) অনুসরণে দরপত্র প্রণয়ন করা হবে। প্রসঙ্গত উল্লেখ্য যে, উক্ত ক্রয় কাজটি সম্পাদনে Procuring Entity (PE) হিসেবে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৩, দায়িত্ব পালন করবেন এবং ক্রয়কারী কর্তৃক ক্রয় কাজের দরপত্র প্রণয়ন, দরপত্র আহবানের, NOA ইস্যু এবং চুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পাদিত হবে। অনুমোদিত APP মোতাবেক এবং ঢাকা ওয়াসার ২০০৬ সালের অনুমোদিত Sub-DOFP অনুযায়ী আলোচ্য ক্রয় কাজটির চুক্তি অনুমোদনের ক্ষমতা “প্রধান প্রকৌশলী” মহোদয়ের আওতাধীন।

সংযুক্তিসমূহ (৩):

- ১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা কপি।
- ২। বিস্তারিত হিসাব বিবরণী।
- ৩। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১০/৮/২৩ ৩:৪২ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরিউক্ত বর্ণনার আলোকে Repair & Maintenance of Delivery Main including Washout Line, Sluice valve and Air Release Valve at different DTW at DMA-317, & DMA-319 areas under MODs Zone-3, Dhaka. কাজটি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

- 2 -


যেতে পারে।

ক) উল্লেখিত কাজটি সম্পাদনের জন্য মোটঃ ৩,৯৭,৯৯৭.৬১৬ (তিন লক্ষ সাতানব্বই হাজার নয়শত সাতানব্বই দশমিক ছয় এক ছয়) টাকা মাত্রের প্রাক্কলনটির অনুমোদন;


খ) কাজটি বিশেষ ধরনের হওয়ায় পিপিআর-২০০৮ এর বিধি ৬৩(১) অনুযায়ী e-GP প্রক্রিয়ায় সীমিত দরপত্র পদ্ধতি (LTM)-তে CPTU প্রণীত Standard Tender Document e-PW2b অনুসরণে দরপত্র প্রণয়ন ও আহবান করে কাজটি সম্পাদন করার অনুমোদন এবং;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” (কোড নং- ০১-০৪-০০১) খাত এর প্যাকেজ নং-B.13 এর ক্রমিক নং-২৬ হতে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।



১০/৮/২৩ ৪:০০ অপরাহ্ন
অশোক কুমার হালদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১০/৮/২৩ ৭:০১ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩



১২/৮/২৩ ৬:৩৫ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩




১৩/৮/২৩ ৩:৫৩ অপরাহ্ন
শেখ মোহাম্মদ আনোয়ার সাত্তার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১


১৩/৮/২৩-৩:৫৩ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৪/৮/২৩ ১১:২৫ পূর্বাহ্ন


অনুমোদিত



১৪/৮/২৩ ১১:২৫ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৬/৮/২৩ ৭:০৩ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩



১৬/৮/২৩ ৭:০৬ অপরাহ্ন
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

১৬/৮/২৩ ৭:০৬ অপরাহ্ন
অশোক কুমার হালদার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা